

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd



ডিএফআইএম সার্কুলার লেটার নং-১১

তারিখঃ ২২ বৈশাখ ১৪২৮
০৫ মে ২০২১

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**গ্রাহকদের জরুরি আর্থিক সেবা প্রদানের লক্ষ্যে স্বাস্থ্যবিধি পরিপালনপূর্বক
সীমিত আকারে আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম চালু রাখা প্রসঙ্গে।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগের ০৫ মে ২০২১ তারিখের সূত্র নং- ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৪১
নং স্মারকে প্রদত্ত নির্দেশনার প্রেক্ষিতে জরুরি আর্থিক সেবা প্রদানে যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন সাপেক্ষে সীমিত পরিসরে আর্থিক
প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম চালু রাখার বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

০১। গ্রাহকের হিসাবে মেয়াদপূর্তিতে স্থায়ী আমানত নগদায়ন, ঋণের কিস্তি জমাগ্রহণ ইত্যাদি জরুরি আর্থিক সেবা প্রদানের লক্ষ্যে
০৬ মে ২০২১ হতে ১৬ মে ২০২১ পর্যন্ত সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঢাকায় ০১ (এক) টি
শাখা ও ঢাকার বাহিরে প্রতি জেলায় সর্বোচ্চ ০১ (এক) টি শাখা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহ সকাল ১০:০০ টা
হতে বিকাল ২:০০ টা পর্যন্ত খোলা রাখা যাবে।

০২। জরুরি গ্রাহক সেবা প্রদান অব্যাহত/নির্বিন্ম রাখার লক্ষ্যে প্রয়োজনীয় জনবলের বিন্যাস ও উপস্থিতির বিষয়টি প্রতিষ্ঠানসমূহ স্বীয়
বিবেচনায় সম্পন্ন করবে।

০৩। প্রতিষ্ঠানের কর্মকর্তা- কর্মচারীগণ ঈদের ছুটিতে আবশ্যিকভাবে স্ব স্ব কর্মস্থলে অবস্থান করবেন।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ জুলকার নায়েন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৮